

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.dgnm.gov.bd



নং- ৪৫.০৩.০০০০.০০১.১৯.০২০.২০-

২১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৪/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্সগণ কে নন-নার্সিং কাজে সম্পৃক্ত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্সগণকে টিকিট কাউন্টার, ফার্মেসী, করোনা রোগীর নমুনা সংগ্রহসহ বিভিন্ন নন-নার্সিং কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা হচ্ছে। এতে নার্সদের মূল কাজ তথা সুষ্ঠু ওয়ার্ড ব্যবস্থাপনা, রোগীর ঔষধ ও স্বাস্থ্য শিক্ষা ব্যবস্থাপনাসহ মানসম্মত বেড-সাইড নার্সিং কেয়ার প্রদান কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হচ্ছে।

২। আরও লক্ষ্য করা যাচ্ছে যে, এ সকল নন-নার্সিং কার্যক্রমের সম্পৃক্ততা নার্সদের মধ্যে এক ধরনের অসন্তোষ সৃষ্টি করেছে বিধায়, তাঁদেরকে এ ধরনের কাজ থেকে বিরত রেখে সরাসরি রোগীর সেবায় নিয়োজিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ই-মেইলঃ info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০১.১৯.০২০.২০-

০২২/১ (০৪)

২১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৪/০৬/২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি শাখা)]
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (চিকিৎসা ও শিক্ষা)]
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপ-সচিব (নার্সিং শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
৬. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল)।
৭. সিভিল সার্জন (সকল জেলা)।
৮. পরিচালক/তত্ত্বাবধায়ক, জেনারেল/সদর হাসপাতাল (সকল)
৯. সেবা তত্ত্বাবধায়ক/ উপ- সেবা তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
১০. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।
১১. সেবা তত্ত্বাবধায়ক/ উপ- সেবা তত্ত্বাবধায়ক জেনারেল/ সদর হাসপাতাল, (সকল)।
১২. উপ-পরিচালক পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
১৩. প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

মোহাম্মাদ আব্দুল হাই পিএএ
উপচিব
পরিচালক (প্রশাসন, শিক্ষা ও প্রশিক্ষণ)